

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮৩৪

পানিসাগর, ২৭ নভেম্বর, ২০২৩

উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব

পানিসাগর টাউন হলে সম্প্রতি উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। উৎসবের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস। উৎসবের উদ্বোধন করে তিনি বলেন, আমাদের দেশ ও রাজ্যের সার্বিক উন্নয়নে যুব সমাজের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উত্তর জেলা আধিকারিক অমিত কুমার যাদব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস। উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল নাথ, প্রাক্তন বিধায়ক মলিনা দেবনাথ, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীপদ দাস, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য, পানিসাগর মহকুমা পুলিশ আধিকারিক সৌম্য দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে এক বর্ণাঢ্য র্যালী শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। যুব উৎসবে উত্তর ত্রিপুরা জেলার বিভিন্ন ব্লক, পুর ও নগর এলাকা থেকে শিল্পীগণ লোকসংগীত, লোকনৃত্য, গল্প লেখা, ফটোগ্রাফি, আবৃত্তি, দেশীয় খেলাধুলা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

\*\*\*\*\*